পাঠ্যসূচি ও নিয়মবিধি

উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রম

রবীন্দ্র মুক্ত বিদ্যালয়
বিকাশ ভবন, তৃতীয় তল,
পূর্বপার, বিধাননগর, কলকাতা-৭০০০৯১

উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রম

পাঠ্যসূচি ও নিয়মবিধি

রবীন্দ্র মুক্ত বিদ্যালয়
বিকাশ ভবন, তৃতীয় তল,
পূর্বপার, বিধাননগর, কলকাতা-৭০০০৯১
দূরভাষ ঃ (০৩৩) ২৩৫৮ ৭১০২, ২৩৫৯ ৭৭১১, ২৩২১ ৩২৬১

প্রথম প্রকাশ ঃ আগস্ট, ২০০৫

প্রকাশক ঃ
অধিকর্তা
রবীন্দ্র মুক্ত বিদ্যালয়
বিকাশ ভবন (তৃতীয় তল)
কলকাতা-৭০০০৯১

বিনিময় মূল্য ঃ ২০.০০

মুদ্রক ঃ
প্রিন্টিং সেন্টার
১ ছিদাম মুদি লেন,
কলকাতা-৭০০০০৬

সূচিপত্র

■ সূচনা ঃ

"সকলের জন্য শিক্ষা"—এই প্রত্যয় পূরণের উদ্দেশ্যে এ রাজ্যে বিদ্যালয় স্তরে শিক্ষাকে সার্বজনীন করার লক্ষ্য সফল করবার প্রয়োজনে মুক্ত শিক্ষার ক্ষেত্র বাস্তবায়িত করার প্রথম ধাপ.....বিদ্যালয় স্তরের ন্যূনতম আবশ্যিক ধাপ। এই দৃষ্টিভঙ্গি শিক্ষাসমাজের গভীরে প্রবেশ করতে সক্ষম হয়েছে। ইতিমধ্যে রবীন্দ্র মুক্ত বিদ্যালয় প্রবর্তিত উচ্চমাধ্যমিক শিক্ষা প্রারম্ভিক ভাবে বেশ কিছু বিষয় নিয়ে উচ্চতর শিক্ষার আগ্রহ বাড়াতে সক্ষম হয়েছে। কর্মহীন অথবা স্বনিযুক্ত পুরুষ-মহিলা, পূর্ণ বা আংশিক সময়ের কর্মী, শ্রমজীবী, কৃষিজীবী যে কোনো ক্ষেত্রে নিযুক্ত পুরুষ/মহিলা, বয়স্ক পুরুষ/মহিলা, প্রতিবন্ধী ও পিছিয়ে পড়া জনগোষ্ঠির জন্যই মূলত মুক্ত শিক্ষা ব্যবস্থা। এদের বিশেষ পরিস্থিতি বিবেচনা করে কিছুটা নমনীয় নিয়মবিধি প্রণয়ন করা হয়েছে। ১৯৯৭ সালে যে রাজ্য মুক্ত বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল তার উদ্দেশ্য ছিল সমাজের সকল শ্রেণীর মানুষের মধ্যে শিক্ষাকে পৌঁছে দেওয়া। পরবর্তীকালে এর নাম হয় রবীন্দ্র মুক্ত বিদ্যালয়। এখানকার উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রম পশ্চিমবঙ্গে প্রবর্তিত ১০+২+৩ শিক্ষাব্যবস্থার অন্তর্গত দ্বিবার্ষিক উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রমের সমতুল্য। রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হবার পর শিক্ষার্থীরা বিভিন্ন মুক্ত বিশ্ববিদ্যালয়ে এবং বিশ্ববিদ্যালয়ে বা বিধিবন্ধ শিক্ষাপ্রতিষ্ঠানে স্নাতকস্তরের শিক্ষাক্রমে ভর্তি হবার যোগ্যতা লাভ করবে। পরীক্ষাগার যুক্ত কিছু বিষয় এবং বিজ্ঞানের কিছু বিষয়ের ক্ষেত্রে ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও পরিকাঠামোজনিত সমস্যা এই বিষয়সমূহের প্রবর্তনের কিছু বাস্তব অসুবিধা থাকায় কিছু বিলম্ব হয়। এক্ষেত্রে পরিকাঠামোগত সমস্যা ছাড়াও অন্যান্য কারণগুলি খুব অস্পষ্ট নয়। বিজ্ঞান শিক্ষা এবং পরীক্ষাগার যুক্ত বিষয় শিক্ষা, দূরশিক্ষা বা প্রথা বহির্ভূত শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীকে শিক্ষাদান করার কিছু প্রয়োগগত বাস্তব সমস্যা বিদ্যমান। যেহেতু বিজ্ঞানের বিষয়সমূহ প্রায়শই পরীক্ষাগার ভিত্তিক সুতরাং পাঠসম্ভার প্রস্তুত করলেই এই শিক্ষা পরিকল্পনার বাস্তবায়ন সম্ভব হয় না। মুক্ত বিদ্যালয়ের সঙ্গে যুক্ত পাঠকেন্দ্রগুলির এই পরীক্ষাগারের পরিকাঠামো থাকা এবং শিক্ষকবন্ধুদের সাহায্য প্রয়োজন। প্রয়োজন প্রথাগত বিদ্যালয়সমূহের সাহায্য যাদের পরীক্ষাগার ব্যবহারের অনুমতি রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের পাওয়া প্রয়োজন। পশ্চিমবঙ্গ সহায়ক সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তরের সক্রিয় সহযোগিতায় এই সকল সমস্যা দূর করে ২০০৫-০৬ শিক্ষা বর্ষ থেকে উচ্চমাধ্যমিক স্তরে রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে প্রথম পর্যায়ে নির্দিষ্ট কিছু বিজ্ঞান বিষয়ক শিক্ষা সীমিত পরিসরে শুরু করার ব্যবস্থা নেওয়া হয়েছে। আমাদের প্রাথমিক লক্ষ্য হল পশ্চিমবঙ্গের প্রতিটি মানুষ শিক্ষার ন্যূনতম স্তর

হিসেবে মাধ্যমিক স্তরের শিক্ষা সম্পূর্ণ করবেন এবং উচ্চতর শিক্ষা প্রয়াসী শিক্ষার্থীরা উচ্চমাধ্যমিক স্তরে সাহিত্য, কলা, বিজ্ঞান এবং বাণিজ্য বিষয়সমূহ নিয়ে উচ্চমাধ্যমিক শিক্ষা গ্রহণের প্রথাগত ব্যবস্থার সঙ্গে রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের "সকলের জন্য শিক্ষা"—দ্বার উন্মুক্ত করতে রবীন্দ্র মুক্ত বিদ্যালয় প্রবর্তিত উচ্চমাধ্যমিক শিক্ষা ব্যবস্থারও সুযোগ নেবেন। আমাদের প্রত্যয় আছে—বিশেষজ্ঞ শিক্ষক রচিত সমস্ত বিষয়ের পাঠ্যপুস্তক সমূহ মুক্ত বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রয়োজন মেটাতে সক্ষম হবে।

■ **উচ্চমাধ্যমিক শিক্ষার লক্ষ্য এবং উদ্দেশ্য ঃ**

রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের উচ্চমাধ্যমিক শিক্ষার পাঠ্যসূচির পরিকল্পনাই হল প্রথাগত শিক্ষার বাইরে অবস্থানরত সমাজের এক বিরাট অংশকে রাজ্য ও জাতীয় ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পাঠক্রমের প্রতি বিষয়ের জন্য পৃথকভাবে এবং এই স্তরের শিক্ষার্থীদের জন্য সামগ্রিকভাবে নির্দিষ্ট কাম্য সামর্থ্য অর্জনের মাধ্যমে উচ্চতর শিক্ষার দিকে অগ্রসরতার সন্ধান দেওয়া। আন্তর্জাতিক শিক্ষা সম্মেলনে বিভিন্ন শিক্ষার চারটি স্তম্ভ শিক্ষার্থীদের যে সমস্ত মূল্যবোধে উজ্জিবিত করবে সেগুলি হলো ঃ

১। ব্যক্তিগত ও সামাজিক জীবন সংগ্রামে বিজ্ঞানসম্মত ও যুক্তিভিত্তিক দৃষ্টিভঙ্গি এবং বিশ্লেষণাত্মক যুক্তির দক্ষতা।

২। ভারতবর্ষের মত গণতান্ত্রিক দেশে দায়িত্বশীল নাগরিকদের বহুত্বের মধ্যে একতা, ধর্মনিরপেক্ষ দৃষ্টিভঙ্গি, লিঙ্গ বৈষম্য দূর—এই সমস্ত মূল্যবোধগুলি সঞ্চার করা।

৩। দেশের এবং রাজ্যের উৎপাদন পদ্ধতিতে অংশগ্রহণ এবং ব্যক্তিগত ক্ষেত্রে জীবিকা নির্বাহের লক্ষ্যে সুস্থ পথের অনুসন্ধান।

৪। প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের মধ্যে সমতা বজায় রাখার দক্ষতা এবং ব্যক্তিগত ও সামাজিক জীবনে এই দক্ষতা প্রতিফলন করার ক্ষমতা অর্জন।

৫। স্বল্প বিশেষায়িত উচ্চমাধ্যমিক শিক্ষা থেকে বিশেষায়িত উচ্চতর শিক্ষা ও উচ্চতর বৃত্তিমূলক প্রশিক্ষণের ঊর্ধ্বমুখীতার ব্যপ্তি অনুধাবন ও গভীরতা বিশ্লেষণের দক্ষতা।

৬। আজকের এই দ্রুত পরিবর্তনশীল বিশ্বায়িত সমাজ ব্যবস্থার মধ্যে ভিন্নতর, বিচিত্র জ্ঞানলব্ধ এবং পেশাগত কার্যক্ষেত্রে নিজেদের দক্ষতা সুপ্রতিষ্ঠিত করার সক্ষমতা অর্জন।

৭। আজকের আর্থসামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে সামাজিক জীবনের জটিলতাকে বিশ্লেষণ এবং প্রয়োগের করার দক্ষতা অর্জন।

৮। একাধিক ভাষায় সুস্পষ্ট ও সাবলীল দক্ষতায় কথ্য ও লিখিতভাবে নিজেকে প্রকাশ করতে সক্ষমতা অর্জন।

৯। বিভিন্ন জটিল সমস্যা সমাধানের কৌশল করায়ত্ব করার দক্ষতা এবং বাস্তব প্রেক্ষাপটে এই দক্ষতা প্রয়োগ করার ক্ষমতা আয়ত্ত করা।

১০। উচ্চমাধ্যমিক শিক্ষাস্তর থেকে উচ্চতর শিক্ষা জগতে অথবা কার্য জগতে প্রবেশাধিকার নিশ্চিত করতে শিক্ষাক্ষেত্রে স্বীকৃত চারটি স্তম্ভ "জ্ঞানার্জনের জন্য শিক্ষা", "মূল্যবোধ অর্জনের জন্য শিক্ষা", "কাজ করার মানসিকতা অর্জনের জন্য শিক্ষা" এবং "একত্রে থাকার শিক্ষা" প্রয়োগের দক্ষতা অর্জন।

ভারতবর্ষের বিভিন্ন পর্ষদ বা সংসদের উচ্চমাধ্যমিক স্তরটির বিন্যাসগত অবস্থান রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের উচ্চমাধ্যমিক স্তরটির বিন্যাসগত অবস্থান উচ্চমাধ্যমিক শিক্ষার মানের সঙ্গে সমতাই জাতীয় স্তরে এই উচ্চমাধ্যমিক শিক্ষার বিশেষত্ব।

■ কৃতজ্ঞতা স্বীকার ঃ

রবীন্দ্র মুক্ত বিদ্যালয় আনন্দের সঙ্গে আরও জানাচ্ছেন যে ২০০৫ শিক্ষাবর্ষ থেকে উচ্চমাধ্যমিক স্তরে "মানপরিগ্রহণ" (Credit Transfer) এর সুযোগ উন্মুক্ত করা হয়েছে। "মানপরিগ্রহণ" (Credit Transfer) সংক্রান্ত বিজ্ঞাপ্তি এই সঙ্গে জুড়ে দেওয়া হল। এই শিক্ষাবর্ষ থেকে শিক্ষার্থীরা কলা ও বাণিজ্যের বিষয়গুলির সঙ্গে পদার্থবিদ্যা, অঙ্ক, রসায়ন ও জীববিদ্যা বিষয় নিয়ে পড়ার এবং মানপরিগ্রহণের সুযোগ সুবিধা পাবেন। বিদ্যালয়ের প্রতিটি আধিকারিক, কর্মী, বিভিন্ন বিষয়ের লেখক, পরামর্শদাতা, সম্পাদক, মুদ্রক যারা এই প্রয়াসে সহযাত্রী তাদের সকলকে বিদ্যালয়ের তরফ থেকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। বিদ্যালয়ের এই সাফল্য এঁদেরই অক্লান্ত পরিশ্রম ও সার্থকতার ফসল।

জ্যোতির্ময় মুখোপাধ্যায়
সভাধ্যক্ষ

২। উচ্চমাধ্যমিক স্তরে ভর্তির যোগ্যতা

(ক) মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ [সাধারণ] ঃ

(অ) রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সহ যে কোনো অনুমোদিত মুক্ত বিদ্যালয়ী সংস্থা থেকে বাংলা, ইংরেজি, গণিত, ভৌতবিজ্ঞান, জীবন বিজ্ঞান, ইতিহাস ও ভূগোল এই সাতটি বিষয় নিয়ে যারা মাধ্যমিক পাশ করেছে তারা ভর্তি হতে পারবে।

(আ) বাংলা ও ইংরেজি ভাষা সহ পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ বা তার সমতুল বলে গণ্য অন্য কোনো পর্ষদের মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্ররা ভর্তি হতে পারবে।

(ই) কোনো অনুমোদিত বিদ্যালয়ী সংস্থার মাধ্যমিক পরীক্ষার বিষয়ের নাম ভিন্ন হলেও পাঠোপকরণগত মিলের কারণে বিদ্যালয়ের সমতুল্যতা কমিটির দ্বারা যদি বা সমতুল বলে ঘোষিত হয় তাহলে সেই পরীক্ষায় পাশ করা ছাত্রছাত্রীরা ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

(খ) উচ্চমাধ্যমিক পরীক্ষায় অনুত্তীর্ণ [মান পরিগ্রহণ] ঃ

পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক পর্ষদ বা তার সমতুল পরীক্ষায় কয়েকটি বিষয়ে পাশ করেও যারা উত্তীর্ণ হতে পারেনি তারা বিদ্যালয়ের ১১ র.মু.বি/বি/২০০৫, দিনাঙ্ক ০৪.৭.২০০৫ সংখ্যক বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী উত্তীর্ণ বিষয়ের মান সহ ভর্তি হতে পারবে।

(গ) উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ [আংশিক পাঠ্য] ঃ

প্রথাগত বা মুক্ত বিদ্যালয়ের মধ্য দিয়ে উচ্চমাধ্যমিক পাশ করার পর কোনো পড়ুয়া ইচ্ছা করলে পূর্বে যে বিষয় পড়েনি সেরকম এক বা একাধিক বিষয়ে পাশ করার জন্য ভর্তি হতে পারে। এর নাম আংশিক পাঠব্যবস্থা। পাশ করলে পড়ুয়াকে মার্কসীট দেওয়া হয়, পাশ সার্টিফিকেট দেওয়া হয় না।

৩। কোথায় কোন্ সময়ে ভর্তি হতে হবে

রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের অনুমোদিত উচ্চ মাধ্যমিক পাঠকেন্দ্র সারা রাজ্যে ছড়িয়ে আছে। পাঠকেন্দ্রের একটি তালিকা এই পুস্তিকার শেষে দেওয়া আছে। ভর্তির নির্দিষ্ট সময়ে শিক্ষার্থী তার পছন্দমত পাঠকেন্দ্রে নাম নথিভুক্ত ক'রতে পারে। প্রতি বছর জুলাই-সেপ্টেম্বর মাসে একবার ভর্তির ব্যবস্থা আছে। ভর্তির প্রথম ও শেষ তারিখ পরিপত্রের (Circular-এর) মাধ্যমে সমস্ত পাঠকেন্দ্রে জানিয়ে দেওয়া হয় এবং প্রজ্ঞাপন (advetisement) আকারে সংবাদপত্রেও দেওয়া হয়। ঘোষিত শেষ

তারিখের পর ভর্তি হওয়া যায় না। এই পুস্তিকার সঙ্গো দুইপ্রস্থ ভর্তির নিদর্শ (ফর্ম) গাঁথা আছে। নিদর্শসহ এই পুস্তিকা ২০ টাকার বিনিময়ে পাঠকেন্দ্র থেকে সংগ্রহ ক'রে ভর্তি হ'তে হয়।

৪। পাঠকেন্দ্র

পাঠকেন্দ্রগুলির নাম ও ঠিকানা এই পুস্তিকার মধ্যে দেওয়া আছে।

৫। **ভর্তির সময়ে কী কী লাগবে**

(ক) বয়সের প্রমাণপত্র (মাধ্যমিক বা সমতুল পরীক্ষার প্রবেশপত্র, শংসাপত্র)

(খ) দুটি পাশপোর্ট সাইজ ছবি (সঞ্চালক প্রত্যয়িত করে দেবেন)

(গ) তপসিলি জাতি / উপজাতির সার্টিফিকেট (উপযুক্ত ক্ষেত্রে)। এই সার্টিফিকেট সরকারের প্রথম শ্রেণির আধিকারিক অথবা অনুমোদিত বিদ্যালয় / মহাবিদ্যালয়ের প্রধান দ্বারা প্রত্যয়িত ক'রে দিতে হবে।

(ঘ) মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রের প্রত্যয়িত প্রতিলিপি।

(ঙ) প্রতিবন্ধীদের জন্য সরকারী হাসপাতালের সার্টিফিকেট।

(চ) পশ্চিমবঙ্গোর বাইরের কোন বোর্ড / সংস্থা থেকে মাধ্যমিক পাশ আবেদনকারীর ক্ষেত্রে প্রবসন শংসাপত্র লাগবে।

৬। **বিষয় তালিকা ও বিষয় সঙ্কেত**

বিষয়	বিষয় সঙ্কেত সংখ্যা
বাংলা	০১
ইংরেজি	০২
ইতিহাস	০৩
রাষ্ট্রবিজ্ঞান	০৪
শিক্ষা	০৫
হিসাবশাস্ত্র	০৬
কারবার সংগঠন ও ব্যবস্থাপনা	০৭
অর্থনৈতিক ভূগোল	০৮
গণিত	০৯
জীববিদ্যা	১০
রসায়ন বিদ্যা	১১
পদার্থ বিদ্যা	১২

৭। পাঠ্য বিষয় নির্বাচন—

(ক) ভাষা বিভাগ ঃ (০১) বাংলা (০২) ইংরেজি

(খ) ঐচ্ছিক বিভাগ ঃ [প্রতি গুচ্ছ থেকে একটির বেশি বিষয় নির্বাচন করা যাবে না।]

১ম গুচ্ছ ঃ ইতিহাস (০৩), অঙ্ক (০৯)
২য় গুচ্ছ ঃ রাষ্ট্রবিজ্ঞান (০৪), রসায়ন (১১)
৩য় গুচ্ছ ঃ শিক্ষা (০৫), পদার্থবিদ্যা (১২)
৪র্থ গুচ্ছ ঃ হিসাবশাস্ত্র (০৬), জীববিদ্যা (১০)
৫ম গুচ্ছ ঃ কারবার সংগঠন ও ব্যবস্থাপনা (০৭)
৬ষ্ঠ গুচ্ছ ঃ অর্থনৈতিক ভূগোল (০৮)

- **পরীক্ষাগার যুক্ত বিষয় ঃ** রসায়ন, পদার্থবিদ্যা এবং জীববিদ্যা।
- **পরীক্ষাগার বিযুক্ত বিষয় ঃ** বাকিগুলি।

উচ্চমাধ্যমিক শংসাপত্র অর্জনের জন্য ভাষা বিভাগের অন্তর্গত দুটি বিষয় এবং ঐচ্ছিক বিভাগের অন্তর্গত ৬টি বিষয়গুচ্ছের মধ্য থেকে যে কোনো ৩টি গুচ্ছের প্রতিটি থেকে একটি করে বিষয় **আবশ্যিক পাঠ্য** হিসাবে নির্বাচন করতে হবে। ঐচ্ছিক বিভাগের বাকি ৩টি গুচ্ছের মধ্য থেকে একটি বিষয় **অতিরিক্ত ঐচ্ছিক** হিসাবে গ্রহণ করা যাবে। নির্বাচিত ৪টি ঐচ্ছিক বিষয়ের মধ্যে পরীক্ষায় যে বিষয়ে সবচেয়ে কম নম্বর অর্জিত হবে, সেটিকেই অতিরিক্ত ঐচ্ছিক হিসাবে গণ্য করা হবে।

একই সঙ্গে সবকটি বিষয় নিয়ে ভর্তি হওয়ার বাধ্যবাধকতা নেই। প্রতি বছর ভর্তির নির্দিষ্ট সময় নতুন বিষয় গ্রহণ করা যায়।

৮। **বিষয় পরিবর্তন, অতিরিক্ত / সংযোজিত বিষয় গ্রহণ**

উচ্চমাধ্যমিক স্তরে ভর্তির শেষ তারিখ থেকে ২ মাসের মধ্যে কোনো শিক্ষার্থী নিজ পাঠকেন্দ্রের সঞ্চালকের মাধ্যমে নির্দিষ্ট নিদর্শে নির্দিষ্ট ফি-সহ আবেদন ক'রে ভর্তির সময়ে নেওয়া বিষয় পরিবর্তন ক'রে অন্য বিষয় বা এক বা একাধিক সংযোজিত বিষয়ও নিতে পারে। **দুমাস** অতিক্রান্ত হবার হবে সেই বছরে আর কোনো অতিরিক্ত বা সংযোজিত বিষয় নেওয়া যাবে না।

৯। **পঠন পাঠনের মাধ্যম, পাঠ্যসূচি ও পাঠ্যপুস্তক**

রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের পাঠদানের মাধ্যম বাংলা। পঃ বঃ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের পাঠ্যসূচির সঙ্গে প্রয়োজনীয় সমাঞ্জস্য এবং সমতুল্যতা বজায় রেখে বিষয়গুলির পাঠ্যসূচি প্রস্তুত করা হ'য়েছে। মূখ্যত স্বশিখন পদ্ধতির আদর্শে পাঠ্যপুস্তকগুলি এমনভাবে রচিত যে, শিক্ষকের সাহায্য ছাড়া পাঠ্যপুস্তকে দেওয়া টীকা, ব্যাখ্যা, প্রশ্ন

ও উত্তরের নমুনা ইত্যাদির সাহায্যে শিক্ষার্থী নিজেই অনেক দূর পর্যন্ত প'ড়ে নিতে পারে। পাঠ্যপুস্তকগুলি রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের কার্যালয় থেকে সংশ্লিষ্ট পাঠকেন্দ্রে পাঠানো হয়। কাছাকাছি পাঠকেন্দ্রগুলি ৯নং পশুপতি বোস লেন, বাগবাজার থেকে পাঠ্যপুস্তক সংগ্রহ করতে পারে। শিক্ষার্থীরা তাদের পাঠকেন্দ্র থেকে পুস্তকগুলি বিনামূল্যে সংগ্রহ করে নেবে।

১০। পাঠকেন্দ্র, সঞ্চালক, শিক্ষা-সহায়ক

প্রতি পাঠকেন্দ্রে একজন সঞ্চালক ও প্রতি বিষয়ের জন্য উপযুক্ত যোগ্যতাসম্পন্ন শিক্ষক-সহায়ক নিযুক্ত থাকেন। শিক্ষার্থীদের সুবিধার্থে পাঠকেন্দ্রে পঠন সহায়তা পাওয়া যায় সাধারণত শনি, রবিবার ও ছুটির দিনে বা কাজের দিনে সন্ধ্যাবেলায়। রবীন্দ্র মুক্ত বিদ্যালয়-নির্দিষ্ট কর্মসূচি অনুসারে পাঠকেন্দ্র পরিচালনার মূল দায়িত্ব সঞ্চালকের।

১১। পরীক্ষা সংক্রান্ত জ্ঞাতব্য

(ক) প্রতি বিষয়ে একশ নম্বরের দুটি পত্রের পরীক্ষা হবে।

(খ) প্রতি বিষয়ের উত্তরণ মান শতকরা ৩০। দুটি পত্রে একত্রে কমপক্ষে ৬০ পেতে হবে।

(গ) উচ্চ মাধ্যমিক পাশের শংসাপত্র পাওয়ার জন্য ভাষা বিভাগের ইংরেজি ও বাংলাসহ তিনটি আবিশ্যক ঐচ্ছিক বিষয়ে পাশ করতে হবে। অতিরিক্ত ঐচ্ছিক বিষয়ে উত্তরণ মানের (শতকরা ৩০) অতিরিক্ত প্রাপ্ত নম্বর সর্বমোট নম্বরের সঙ্গে যোগ করা হবে।

(ঘ) ভর্তি হওয়ার এক বছরের পর সর্বাধিক তিনটি বিষয়ের পরীক্ষায় বসা যাবে। কিন্তু পরীক্ষাগার যুক্ত বিষয়গুলির প্রথমবার পরীক্ষা দেওয়া যাবে ভর্তির দু'বছর পর। দ্বিতীয় বছরে নির্বাচিত বিষয়ে বা একসঙ্গে সব বিষয়ের পরীক্ষা দেওয়া যাবে। তবে কোনো ক্ষেত্রেই কোনো বিষয়ে কেবল একটি পত্রের পরীক্ষা দেওয়া যাবে না। দুটি পত্রের পরীক্ষা একসঙ্গে দিতে হবে।

(ঙ) মুক্ত শিক্ষায় পরীক্ষা ব্যবস্থার নমনীয়তা প্রধান বৈশিষ্ট্য। ভর্তির সময়ে যে কটি বিষয় নির্বাচন করবে সবকটির একবারে পরীক্ষা দেবার বাধ্যবাধকতা নেই। প্রস্তুতি অনুসারে ৫ বছর ধরে বছরে একবার পরীক্ষা দিয়ে সবকটি বিষয়ে পাশ করতে পারে। নির্বাচিত বিষয়গুলির মধ্যে যখন যে বিষয়ে পাশ করবে, সে বিষয়ে প্রাপ্ত নম্বর (ভর্তি হওয়ার পাঁচ বছর পর্যন্ত) সংরক্ষিত থাকে। সব বিষয়ে পাশ করার পর মার্কসীট এবং সার্টিফিকেট পাওয়া যাবে।

ভর্তি হওয়ার পাঁচ বছরের মধ্যে পাশ করতে না পারলে পাঠকেন্দ্রে আবার নতুন

করে ভর্তি হতে হবে। অবশ্য এক্ষেত্রে আগের পাশ করা বিষয়গুলির নম্বর মান পরিগ্রহণের নিয়ম অনুযায়ী গ্রহণ করা হতে পারে।

(চ) মুক্ত শিক্ষায় পাঠকেন্দ্রে উপস্থিত থাকা এবং পাঠসহায়তা গ্রহণ বাধ্যতামূলক নয়, কিন্তু ব্যবহারিক (Practical) পরীক্ষা দেওয়ার যোগ্যতা অর্জনের জন্য পাঠকেন্দ্রের সময়সূচি অনুযায়ী ব্যবহারিক বিষয় অংশের জন্য আয়োজিত পাঠসহায়তা দানের ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক।

(ছ) মান পরিগ্রহণের (Credit transfer) ক্ষেত্রে পরীক্ষা পদ্ধতি

যারা অনুমোদিত উচ্চ মাধ্যমিক শিক্ষা পর্ষদ / সংসদের দু বছরের পাঠক্রম পড়াশোনা করে 'মান পরিগ্রহণে'র নিয়ম অনুযায়ী রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে ভর্তি হবে তারা ইচ্ছা করলে এক বছর পর সব বিষয়ের (পরীক্ষাগার যুক্ত এবং পরীক্ষাগার বিযুক্ত) পরীক্ষায় বসতে পারে। তবে পরীক্ষাগার যুক্ত (Lab-based) বিষয়গুলির প্রথম পরীক্ষা ২০০৭ সালের আগে গৃহীত হবে না। অর্থাৎ ২০০৫ সালে মান পরিগ্রহণের সুযোগ নিয়ে ভর্তি হওয়া পড়ুয়ারা পরীক্ষাগারযুক্ত বিষয়ে প্রথম পরীক্ষা দেবে ২০০৭ সালে।

১২। ফলের উন্নতির জন্য পরীক্ষা

রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থেকে পাশ করা বিষয়ে ফলের উন্নতির জন্য শিক্ষার্থী আর একবার সেই বিষয়ে পরীক্ষা দিতে পারে। সেক্ষেত্রে আগের নম্বরটি বাতিল ব'লে গণ্য হবে। এজন্য শিক্ষার্থীকে সঞ্চালকের মাধ্যমে নির্দিষ্ট নিদর্শে ফি সহ আবেদন ক'রতে হবে।

১৩। পরিচয়পত্র ও প্রবেশপত্র

ভর্তির নিদর্শের একটি নির্দিষ্ট অংশ বিচ্ছিন্ন ক'রে সেই অংশটি ল্যামিনেট ক'রে পাঠকেন্দ্রের মাধ্যমে শিক্ষার্থীকে ফিরিয়ে দেওয়া হয়। এটা শিক্ষার্থীকে যত্ন ক'রে সংরক্ষণ করতে হয়। কারণ এটিই তার শিক্ষার্থী হিসাবে পরিচয়পত্র। এটা ছাড়াও পরীক্ষার আগে পরীক্ষায় বসার জন্য প্রত্যেক পরীক্ষার্থী তার পাঠকেন্দ্রের মাধ্যমে প্রবেশপত্র পাবে। পরীক্ষার্থীকে পরিচয়পত্র ও প্রবেশপত্র দুটিই প্রত্যেক পরীক্ষার দিন সঙ্গে রাখতে হবে।

১৪। নিবন্ধভুক্তকরণ সংখ্যা

এই সংখ্যা লেখার জন্য ভর্তির আবেদনপত্রের 'পরিচয়পত্র' অংশে দু'জায়গায় ১২টি করে ঘর থাকে। প্রথম চারটি ঘরে পাঠকেন্দ্রের চার সংখ্যার কোড বসাতে হবে। তার পরের চারটি ঘরে ভর্তির বছর বসাতে হবে। তারপরের ঘরটিতে বসবে পাঠক্রমের সংকেত সংখ্যা।

উচ্চ মাধ্যমিক তিনরকম পাঠব্যবস্থার জন্য নির্দিষ্ট সংকেত সংখ্যাগুলি নিম্নরূপ—

- উচ্চ মাধ্যমিক সাধারণ ঃ ২
- আংশিক পাঠব্যবস্থা ঃ ৪
- মান পরিগ্রহণের সুযোগ যুক্ত পাঠ ৬

উদাহরণ ঃ ১

বছর ক্রমিক সংখ্যা

১	৮	০	৩	২	০	০	৫	২	০	২	১

—ক্রমিক নং ২১

পাঠকেন্দ্রের কোড সাধারণ

স্তরের সংকেত সংখ্যা

উদাহরণ ঃ ২

বছর ক্রমিক সংখ্যা

১	৮	০	৩	২	০	০	৫	৪	০	২	৯

—ক্রমিক নং ২৯

পাঠকেন্দ্রের কোড আংশিক পাঠব্যবস্থার

সংকেত সংখ্যা

উদাহরণ ঃ ৩

বছর ক্রমিক সংখ্যা

১	৮	০	৩	২	০	০	৫	৬	০	০	১

—ক্রমিক নং ১

পাঠকেন্দ্রের কোড মান পরিগ্রহণ যুক্ত

পাঠের সংকেত সংখ্যা

১৫। ভর্তির নিদর্শ (ফর্ম) পূর্ণ করা ও তা প্রেরণ করা

ভর্তির নিদর্শ মোট দুটি থাকবে। এর মধ্যে মুক্ত বিদ্যালয়ের জন্য নির্দিষ্ট নিদর্শটি মুক্ত বিদ্যালয়ে পাঠাতে হবে। অন্যটি পাঠকেন্দ্রে রক্ষিত থাকবে। নিদর্শ দুটি শিক্ষার্থী পূর্ণ করে আনুষঙ্গিক কাগজপত্র ও প্রত্যয়িত ছবি যথাস্থানে লাগিয়ে প্রদেয় অর্থসহ সঞ্চালকের কাছে জমা দেবে। সঞ্চালক পূর্ণ করা নিদর্শের প্রতিটি অংশ ভালোভাবে পরীক্ষা করে নিয়ে শিক্ষার্থীদের কাছ থেকে রসিদের বিনিময়ে সংগৃহীত মোট নগদ অর্থ ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে (ডিরেক্টর, রবীন্দ্র মুক্ত বিদ্যালয় এই নামে) পাঠাবেন।

সঙ্গে (১) এ. ডি-১, (২) এ. ডি-২, (৩) সর্বমোট নথিভুক্ত শিক্ষার্থীর বিশদ বিবরণ, (৪) প্রয়োজনীয় পাঠ্যপুস্তকের নির্দিষ্ট তালিকা ও (৫) বিষয় পরিবর্তন বা সংযোজিত বিষয়ের নিদর্শ, জমা দেবার শেষ তারিখের মধ্যে অতি অবশ্য রবীন্দ্রমুক্ত বিদ্যালয়ের কেন্দ্রীয় কার্যালয়ে পাঠিয়ে দেবেন।

১৬। কী কী কারণে ভর্তির আবেদন পত্র বাতিল করা হয়

(ক) রবীন্দ্র মুক্ত বিদ্যালয় নির্দিষ্ট আবেদনপত্রের পরিবর্তে এর কোনো অনুলিপিতে (Xerox Copy) আবেদন ক'রলে।

(খ) আবেদনপত্রের কোনো অংশ পাঠের অযোগ্য হ'লে।

(গ) আবেদনপত্রে প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হ'লে।

(ঘ) আবেদনপত্রের সঙ্গে দেয় কাগজপত্র, সার্টিফিকেট (৫ এর ক থেকে ঙ পর্যন্ত) আবেদনপত্রের সঙ্গে সংলগ্ন না থাকলে।

(ঙ) নির্দিষ্ট শেষ তারিখের পরে কোনো আবেদন পত্র জমা প'ড়লে।

(চ) অনুমোদিত পাঠকেন্দ্রগুলি ছাড়া অন্য কোথাও থেকে আবেদনপত্র সংগ্রহ ক'রলে।

(ছ) রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের নিময় অনুসারে যোগ্যতা না থাকলে এবং নিয়ম বহির্ভূত হলে।

১৭। পাঠকেন্দ্র পরিবর্তন

কোনো একটি পাঠকেন্দ্রে ভর্তি হবার পর শিক্ষার্থী কারণ দেখিয়ে নির্দিষ্ট নিদর্শে ফি-সহ পাঠকেন্দ্র পরিবর্তনের জন্য পাঠকেন্দ্রের সঞ্চালকের মাধ্যমে আবেদন জানাতে পারে। সঞ্চালক পরিবর্তনের কারণ যুক্তিসঙ্গত কিনা খতিয়ে দেখে সুপারিশ করতে পারেন। এক্ষেত্রে বিদ্যালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

১৮। পরীক্ষায় পঞ্জীকরণের আবেদন কিভাবে ক'রতে হয়

মুক্ত বিদ্যালয়-নির্দিষ্ট তিন প্রস্থ নিদর্শে (ফর্মে) পরীক্ষার্থীর নাম, তার নির্বাচিত বিষয়গুচ্ছ এবং 'পরিচয়পত্রে'র পঞ্জীকরণ নম্বর ছাপিয়ে পরীক্ষার আগে পাঠকেন্দ্রে পাঠিয়ে দেওয়া হয়। নিদর্শে ছাপানো তথ্য পাঠকেন্দ্রের তথ্যাবলির সঙ্গে মিলিয়ে, কোনো ভুল ধরা পড়লে তা সংক্ষিপ্ত স্বাক্ষর দিয়ে শুদ্ধ করে, শিক্ষার্থী যে বিষয়ে বা বিষয়গুলিতে পরীক্ষায় বসতে চায় নিদর্শে ছাপানো সেই বিষয় বা বিষয়গুলি লাল কালিতে গোল করে চিহ্নিত করে, নিদর্শের শেষ স্তম্ভে পরীক্ষার্থীর পূর্ণ স্বাক্ষর নিয়ে, অন্যান্য স্তম্ভগুলি এবং বিষয়ভিত্তিক নিদর্শটি যথাযথভাবে পূর্ণ ক'রে নিদর্শের নীচে পাঠকেন্দ্রের সীল ও তারিখসহ নিজের স্বাক্ষর দিয়ে, পরীক্ষার্থীদের কাছ থেকে রসিদের বিনিময়ে নগদে সংগৃহীত পরীক্ষার মোট ফি-এর একটি বা দু'টি ব্যাঙ্ক

ড্রাফট্ ('ডিরেক্টর, রবীন্দ্র মুক্ত বিদ্যালয়' সম্বোধনে) নির্দিষ্ট শেষ তারিখের মধ্যে সঞ্চালককে রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের কেন্দ্রীয় কার্যালয়ে পৌঁছে দিতে হবে। তিন প্রস্থের মধ্যে দুই প্রস্থ নিদর্শ (এনরোলমেন্ট ফর্ম) পাঠাতে হবে এবং প্রস্থ নির্দশ পাঠকেন্দ্রে সংরক্ষিত থাকবে।

১৯। পরীক্ষার্থী সংক্রান্ত তথ্য, উপস্থিতি ও স্বাক্ষরপত্র

পরীক্ষায় নথিভুক্তির আবেদন পত্র প্রক্রিয়াকরণের পর পরীক্ষার্থীর নাম, রোল নম্বর ও বিষয়গুচ্ছ-সম্বলিত ছাপানো দুই প্রস্থ তালিকা পরীক্ষাকেন্দ্রে পাঠিয়ে দেওয়া হয়। এই তালিকাভুক্ত শিক্ষার্থীরা পরীক্ষার দিনগুলিতে এই তালিকায় স্বাক্ষর দেবে। অনুপস্থিত পরীক্ষার্থীকে পরীক্ষকেন্দ্রের পরিচালক তালিকার নির্দিষ্ট ঘরে 'অ' (অনুপস্থিত) চিহ্নিত ক'রে পরীক্ষার শেষে তালিকার একটি কপি মুক্ত বিদ্যালয় কার্যালয়ে পাঠিয়ে দেবেন। একটি কপি পরীক্ষাকেন্দ্রে থাকবে। পরীক্ষার সময় পরীক্ষার্থীকে মূল পরিচয়পত্র এবং পরীক্ষার প্রবেশপত্র অবশ্যই কাছে রাখতে হবে।

২০। মার্কসীট, সার্টিফিকেট

(ক) প্রতি পরীক্ষার শেষে পরীক্ষার্থীদের পাশ বা ফেল মন্তব্য সহ বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বরের মার্কসীট দেওয়া হবে। পাঁচটি আবশ্যিক বিষয়ে (দুটি ভাষা এবং তিনটি আবশ্যিক ঐচ্ছিক) পাশ করলে পাশের বিভাগ সহ মার্কসীট এবং শংসাপত্র (সার্টিফিকেট) দেওয়া হবে।

(খ) মান পরিগ্রহণের (Credit Trasfer) সুযোগ সহ ভর্তি হয়ে যারা উচ্চ মাধ্যমিক পাশ করবে তাদের পূর্ববর্তী উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল মার্কসীট (যার মান গ্রহণ করা হয়েছিল) অপবর্তন (forfeiture) শর্তে শংসাপত্র দেওয়া হবে। মূল মার্কসীট বিদ্যালয় দপ্তরে জমা দিতে হবে।

ভর্তি, পরীক্ষা ও অন্যান্য বিষয়ে প্রদেয় অর্থ

১। <u>ভর্তি</u>

(ক) ভর্তির প্রদেয় অর্থ	২০০.০০ টাকা
(খ) মহিলা, তপসিলিভুক্ত জাতি, উপজাতি ও প্রতিবন্ধীদের প্রদেয় অর্থ	১০০.০০ টাকা
(গ) পরীক্ষাগার বিযুক্ত প্রত্যেক বিষয়ে নাম নিবন্ধিকরণের জন্য প্রদেয় অর্থ	২০০.০০ টাকা
(ঘ) পরীক্ষাগারযুক্ত প্রত্যেক বিষয়ে নাম নিবন্ধিকরণ	৩০০.০০ টাকা
(ঙ) মান পরিগ্রহণের ক্ষেত্রে বিষয়পিছু প্রদেয় অর্থ	১০০.০০ টাকা

২। <u>পরীক্ষা</u>

(ক) পরীক্ষাগার বিযুক্ত প্রতি বিষয়ের জন্য প্রদেয় অর্থ	১০০.০০ টাকা
(খ) পরীক্ষাগারযুক্ত প্রতি বিষয়ের জন্য প্রদেয় অর্থ	১৫০.০০ টাকা
(গ) ফল প্রকাশোত্তর নিরীক্ষা বিষয়প্রতি প্রদেয় অর্থ	১০০.০০ টাকা

৩। <u>অন্যান্য</u>

(ক) অতিরিক্ত/সংযোজিত বিষয়ের ক্ষেত্রে প্রদেয় অর্থ	২০০.০০ টাকা
(খ) বিষয় পরিবর্তন ক্ষেত্রে প্রদেয় অর্থ	৫০.০০ টাকা
(গ) পাঠকেন্দ্র পরিবর্তন ক্ষেত্রে প্রদেয় অর্থ	৩০০.০০ টাকা
(ঘ) পরিচয়পত্র প্রতিরূপ (Duplicate Identity Card) ক্ষেত্রে প্রদেয় অর্থ	৫০.০০ টাকা
(ঙ) মার্কশীট প্রতিরূপ (Duplicate Marksheet) ক্ষেত্রে প্রদেয় অর্থ	৫০.০০ টাকা
(চ) প্রবসন শংসাপত্র (Duplicate Pass Certificate) ক্ষেত্রে প্রদেয় অর্থ	৫০.০০ টাকা
(ছ) প্রবসন শংসাপত্র (Migration Certificate) ক্ষেত্রে প্রদেয় অর্থ	৫০.০০ টাকা
(জ) ভর্তির আবেদনপত্রের জন্য প্রদেয় অর্থ	২০.০০ টাকা

উচ্চ মাধ্যমিক পরীক্ষার মান পরিগ্রহণ

পত্রসংখ্যা ঃ ১১-র. মু. বি/বি/২০০৫ (২০০)   দিনাঙ্ক ঃ ০৪.০৭.২০০৫

বিজ্ঞপ্তি

বিষয় ঃ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় এবং অন্যান্য অনুমোদিত শিক্ষা সংসদের উচ্চ মাধ্যমিক পরীক্ষার মান পরিগ্রহণ (Credit Transfer)

রবীন্দ্র মুক্ত বিদ্যালয় বা অন্য কোনো অনুমোদিত উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অসফল পরীক্ষার্থীরা রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের উচ্চ মাধ্যমিক পাঠক্রমে ভর্তি হতে চাইলে তারা নিম্নলিখিত শর্তসাপেক্ষে পাশ করা বিষয়ের মানসহ ভর্তি হতে পারবে। যে যে বিষয়ের মান পরিগ্রহণ করা হবে সেগুলিতে পরীক্ষা দিতে হবে না। সেই বিষয়গুলির প্রাপ্ত মান পরীক্ষার্থীদের চূড়ান্ত সাফল্য নির্ধারণে গ্রহণ করা হবে। এই নিয়ম ২০০৫ সালের ভর্তির সময় থেকে কার্যকর করা হবে।

১। যে সমস্ত পড়ুয়া রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে ভর্তি হয়ে পাঁচ বছরে নির্ধারিত সময়সীমার মধ্যে সব বিষয়ে পাশ করতে পারেনি বা পারবে না তারা রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে ভর্তি হয়ে বাকি বিষয়গুলিতে পরীক্ষা দিতে চাইলে, তাদের আগের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ করা বিষয়গুলির মান তাদের আবেদনের ভিত্তিতে গ্রহণ করা হবে।

২। পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ এবং অন্য রাজ্যের অনুমোদিত পর্যদ বা সংসদ কর্তৃক গৃহীত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যারা অকৃতকার্য হয়েছে তাদের জন্য মান পরিগ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়মগুলি অনুসৃত হবে ঃ

(ক) যারা পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ, ত্রিপুরা উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ/পর্যদ, জাতীয় মুক্ত বিদ্যালয়ী সংস্থা বা অন্য কোনো রাজ্য মুক্ত বিদ্যালয় কর্তৃক গৃহীত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য হয়ে রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের উচ্চ মাধ্যমিক পাঠক্রমে ভর্তি হতে চায় তাদের আবেদনপত্র বিবেচনা করে পূর্ববর্তী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সংশ্লিষ্ট পর্যদ/সংসদ/সংস্থার নিয়ম অনুযায়ী পাশ করা বিষয়গুলির সর্বাধিক তিনটি বিষয়ের মান পরিগৃহীত হবে। তবে এ বিষয়ে অন্যতম দুটি শর্ত হবে—পাশ করা বিষয়ের নম্বর অন্যূন শতকরা ৩০ হতে হবে এবং সেই বিষয়গুলি রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের উচ্চ মাধ্যমিকের জন্য তালিকাভুক্ত বিষয়সমূহের মধ্যে হতে হবে। উল্লিখিত সংসদ বা পর্যদের কোনো বিষয়ের নাম ভিন্ন হলেও যদি পাঠোপোকরণগত মিল থাকে তাহলে তা সমতুল বিষয় বলেই গণ্য হবে।

(খ) ২ (ক) অংশে লিখিত সংসদ বা পর্ষদ ব্যতীত অন্য কোনো রাজ্যের অথবা জাতীয় স্তরের শিক্ষা সংসদ বা পর্ষদের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য পড়ুয়াদের ক্ষেত্রে মান পরিগ্রহণযোগ্য বিষয়ের সংখ্যা ২ (দুই) এর বেশি হবে না। এখানেও উপরিউক্ত ২ (ক) অংশে লিখিত শর্তদুটি প্রযোজ্য হবে।

৩। (ক) ভর্তিপ্রার্থী যে বিষয়ের মান পরিগ্রহণের জন্য আবেদন করবে সেটির যদি তাত্ত্বিক (Theoretical) এবং ব্যবহারিক (Practical) দুটি অংশের পরীক্ষা আলাদা আলাদাভাবে গৃহীত হয় তাহলে এই দুই পরীক্ষার প্রাপ্ত নম্বর পরিগ্রহণের জন্য নিম্নলিখিত গণনা পদ্ধতি অনুসরণ করা হবে।

$$\left[১৬০\times\frac{\text{তাত্ত্বিক ভাগে প্রাপ্ত শতকরা নম্বর}}{১০০}\right]+\left[৪০\times\frac{\text{ব্যবহারিক ভাগে প্রাপ্ত শতকরা নম্বর}}{১০০}\right]$$

প্রার্থীকে অবশ্যই তাত্ত্বিক এবং ব্যবহারিক দুই পরীক্ষার প্রতিটিতে কমপক্ষে শতকরা ৩০ নম্বর পেতে হবে।

(খ) পরীক্ষাগারে বর্জিত বিষয়গুলির ক্ষেত্রে প্রতি বিষয়ে প্রাপ্ত নম্বরের হিসাব পূর্ণমান ২০০ ধরে নিয়ে সেই ভিত্তিতে গণনা করা হবে।

৪। উচ্চ মাধ্যমিক পরীক্ষার মান-পরিগ্রহণের অন্যতম শর্ত হল রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে পড়ুয়া যে বছর ভর্তি হবে সেই বছর থেকে হিসাব করে আগের পাঁচ বছরের মধ্যে অনুষ্ঠিত কোনো উচ্চ মাধ্যমিক পরীক্ষার মান গৃহীত হবে। পাঁচ বছরের পূর্ববর্তী পরীক্ষার মান গ্রহণ করা হবে না।

৫। মান-পরিগ্রহণের জন্য ভর্তির সময় পড়ুয়াকে নির্ধারিত নিদর্শে আবেদন করতে হবে। ভর্তির পর কোনো আবেদন গ্রাহ্য হবে না। পড়ুয়া আগে কোন্ পর্ষদের অধীনে কী কী বিষয়ে পরীক্ষা দিয়েছিল, প্রতি বিষয়ে অর্জিত মান কী এবং কোন্ কোন্ বিষয়ের মান রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পরিগ্রহণের জন্য আবেদন করতে চায় রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের প্রদত্ত নিদর্শে তার বিশদ বিবরণ দিতে হবে। পূর্ববর্তী উচ্চ মাধ্যমিক পরীক্ষার মানপত্র (Mark Sheet) দুই প্রস্থ প্রত্যয়িত প্রতিলিপি সহ পাঠকেন্দ্রের সঞ্চালকের কাছে জমা দিতে হবে।

৬। মান-পরিগ্রহণের (Credit Transfer) জন্য বিষয় প্রতি টা ১০০ (একশ) ফিস্ জমা দিতে হবে।

৭। মূল মানপত্র পরীক্ষা করে মান পরিগ্রহণের উপযুক্ততা বিচার করা হবে। কোনো তথ্য অসত্য প্রমাণিত হলে মান পরিগ্রহণের পরও তা বাতিল করা হবে।

ডঃ অমল কুমার চ্যাটার্জী
অধিকর্তা

Government of West Bengal
School Education Department
Appointment Branch
Bikash Bhaven, Salt Lake, Kolkata-700 091

No.742-SE (Apptt.) Dated, Kolkata, the 31st July, 2002

From : Shri D.Basu, IAS,
Special Secretary to the Govt. of West Bengal.

To : The Director of School Education, W.B.
Bikash Bhaven, 7th Floor
Salt Lake, Kolkata - 700 091

Sub : Equivalence of certificates awarded by different organisations.

In cancellation of this Deptt's Memo No. 316-SE (Apptt.) dt. 21.03.2000, the undersigned is directed to say that the certificates awarded by the Indira Gandhi National Open University, Vidyasagar University, Burdwan University, Netaji Subhas Open University engaged in providing distant education/correspondence courses are hereby recognised by the State Govt.

2. The undersigned is further directed to say that Madhyamik (Secondary) and Uchha Madhyamik (Higher Secondary) certificates awarded by Rabindra Mukta Vidyalaya, West Bengal (erstwhile West Bengal State Open School) to successful candidates who have cleared the compulsory subjects in the examination similar to those in the Madhyamik Examination under West Bengal Board of Secondary Education and cleared the compulsory and minimum number of Elective Subjects as stipulated for the Higher Secondary examination under West Bengal Council of Higher Secondary Examination respectively, are recognised by this Govt.

3. The undersigned is further directed to say that Secondary and Senior Secondary Certificates issued by the National Open School, New Delhi are also recognised by this Govt. Provided the conditions mentioned at para 2 above are fulfilled.

Sd/- D. Basu
Special Secretary

UNIVERSITY OF CALCUTTA

Notification No. CSR/73/03

In Supersession of this office previous Notification No. CSR/18/2003 dated 23.6.2003 it is notified for information of all concerned that the vice-chancellor on 20.10.2003 has been pleased to approve the following admission qualification for admission of candidates from distance education/open system of learning recognised by the distance learning Council to the undergraduate courses of this University subject to the fulfilment of all other terms and conditions as laid down in the respective regulations :

The Certification of +2 level open learning course offered by the Rabindra Mukta Vidyalaya (West Bengal State Open School) Estd. under W.B. Act-XI of 2001, Bikash Bhavan (2nd Floor, East Block), Bidhannagar, Kolkata-91 will be trated as equivalent to the formal system of learning of + 2 level course offered by the West Bengal Council of Higher Secondary Educations.

The above will come into effect the academic session 2003-2004.

Senate House
Kolkata-700 073
The 31st October, 2003

(U.K. Basu)
Registrar

বাংলা

১ম পত্র এবং ২য় পত্র

রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের উচ্চমাধ্যমিক পাঠক্রমের একজন আগ্রহী পড়ুয়া হিসেবে তুমি স্বাগত। উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে ওঠার যে আগ্রহ তোমার মধ্যে জেগেছে তাকে জাগিয়ে রাখো, প্রতিদিনের আর সব অভ্যাসের পাশে মুক্ত বিদ্যালয়ের পাঠ্যবই থেকে নিয়মিত পাঠ নেবার নতুন অভ্যাস গড়ে তোলো। দেখবে, কত সহজে পাঠগুলি একের পর এক তোমার আয়ত্তে এসে যাচ্ছে, তোমার সব জিজ্ঞাসার জবাব তুমি পেয়ে যাচ্ছো।

গঠন-পরিকল্পনা ঃ

সমগ্র বাংলা পাঠক্রমটি ভাগ হয়েছে ২টি পত্রে, ৬টি পর্যায়ে। ৪টি পর্যায়ে প্রথম পত্র, ২টি পর্যায়ে দ্বিতীয় পত্র। প্রত্যেকটি বই হল এক-একটি পর্যায়। পর্যায় ১-এ ৫টি একক, পর্যায় ২-এ ৪টি, পর্যায় ৩-এ ৫টি, পর্যায় ৪-এ ১টি—৪টি পর্যায়ের অন্তর্গত এই ১৫টি একক নিয়ে প্রথম পত্র। পর্যায় ৫-এ ২টি, আর পর্যায় ৬-এ ৭টি—২টি পর্যায়ের অন্তর্গত এই ৯টি একক নিয়ে দ্বিতীয় পত্র। এমনি করে ২টি পত্রে ৬টি পর্যায়ে ২৪টি এককে সম্পূর্ণ এই উচ্চমাধ্যমিক বাংলা পাঠক্রম। প্রত্যেকটি স্বতন্ত্র রচনাকে একটি করে একক ধরা হয়েছে।

এক একটি এককে যে পাঠ থাকবে, তার গঠন হবে এইরকম ঃ

১। উদ্দেশ্য

২। প্রস্তাবনা

৩। মূলপাঠ

   ৩.১ বিষয়ের রূপরেখা

   ৩.২ অনুশীলনী (বিষয়গত)

৪। সাহিত্যপাঠ

   ৪.১ উৎস

   ৪.২ সাহিত্যরূপ

   ৪.৩ সাহিত্যমূল্যায়ন

   ৪.৪ লেখক-পরিচয়

   ৪.৫ প্রাসঙ্গিক পাঠগ্রন্থ

   ৪.৬ অনুশীলনী (সাহিত্যগত)

   ৪.৭ উত্তর-সংকেত

পর্যায় ১-এর পাঠ্যবইতে প্রতিটি এককে ভাষাপাঠ (ব্যাকরণ) থাকবে। 'সাহিত্যপাঠ'-এর পর তার গঠনটা হবে এইরকম ঃ

৫। ভাষাপাঠ

৫.১ শব্দরীতি

৫.২ বাক্যরীতি

৫.৩ ভাষারীতি

৫.৪ পঠনীয় গ্রন্থ

৫.৫ অনুশীলনী (ভাষাগত)

৫.৬ উত্তর-সংকেত

বিষয়-বিন্যাস ঃ

একদিকে পেরিয়ে-আসা মাধ্যমিক, আর-একদিকে ক্রমশ এগিয়ে-আসা স্নাতক, এর মাঝখানে দাঁড়িয়ে আছ তুমি। অতএব, বাংলাসাহিত্য আর বাংলাভাষার চারপাশটা একটুখানি ছুঁয়ে আসা তোমার দরকার। এই কথা ভেবেই এই বাংলা পাঠক্রমের বিষয় নির্বাচন করা হল। এই পাঠক্রমের অন্তর্গত বিষয় সবশুদ্ধ পনেরোটি—উপন্যাস, ছোটগল্প, প্রবন্ধ, কবিতা, নাটক, ব্যাকরণ, বাংলাসাহিত্যের ইতিহাস, বাংলাভাষার ইতিহাস, বানানবিধি, পরিভাষা, অনুবাদ, প্রতিবেদন, অনুচ্ছেদ-রচনা, পত্রলিখন, সারাংশ।

দুটি পত্রে ছটি পর্যায়ে চব্বিশটি এককে এই পনেরোটি বিষয়কে সাজানো হয়েছে এইভাবে ঃ

প্রথম পত্র ঃ

পর্যায়-১ ঃ উপন্যাস (অংশ) একক - ১ ঃ পণ্ডিতমশাই-শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (১৪শ-১৫শ পরিচ্ছেদ)

ছোটগল্প ঃ একক - ২ ঃ অনধিকার প্রবেশ—রবীন্দ্রনাথ ঠাকুর

একক - ৩ ঃ রূপোকাকা—বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

একক - ৪ ঃ শিল্পী—মানিক বন্দ্যোপাধ্যায়

একক - ৫ ঃ পাশাপাশি—বনফুল

পাঠভিত্তিক ব্যাকরণ ঃ একক-১ থেকে ৫ ঃ ভাষাপাঠ

পর্যায়-২ ঃ প্রবন্ধ ঃ একক - ৬ ঃ বসন্তের কোকিল—বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

একক - ৭ ঃ ছেলেবেলা—রবীন্দ্রনাথ ঠাকুর

একক - ৮ ঃ বইকেনা—সৈয়দ মুজতবা আলী

একক - ৯ ঃ রবীন্দ্রাদিত্য—অন্নদাশঙ্কর রায়

পর্যায়-৩ ঃ কবিতা ঃ একক - ১০ ঃ বঙ্গভাষা—মধুসূদন দত্ত

একক - ১১ ঃ ঐকতান—রবীন্দ্রনাথ ঠাকুর

একক - ১২ ঃ সাম্যবাদী—কাজী নজরুল ইসলাম

একক - ১৩ ঃ জন্মভূমি—যতীন্দ্রমোহন বাগচী

একক - ১৪ ঃ আমরা এসেছি—সুকান্ত ভট্টাচার্য

পর্যায়-৪ ঃ নাটক (অংশ) ঃ একক - ১৫ ঃ বিসর্জন—রবীন্দ্রনাথ ঠাকুর (২য় অঙ্ক ঃ ১ম - ৪র্থ দৃশ্য)

পর্যায়-৫ ঃ একক - ১৬ ঃ বাংলা সাহিত্যের ইতিহাস

একক - ১৭ ঃ বাংলাভাষার ইতিহাস

পর্যায়-৬ ঃ একক - ১৮ ঃ বানানবিধি ও প্রয়োগ

একক - ১৯ ঃ পরিভাষা

একক - ২০ ঃ অনুবাদ

একক - ২১ ঃ প্রতিবেদন

একক - ২২ ঃ অনুচ্ছেদ-রচনা

একক - ২৩ ঃ পত্রলিখন

একক - ২৪ ঃ সারাংশ

বিষয় ধরে নম্বর-বিভাজন ঃ

প্রথম পত্র

পর্যায়	বিষয়	নম্বর
পর্যায় - ১ (মোট নম্বর ৪৫)	উপন্যাস (অংশ)	১০
	৪টি গল্প	২০
	পাঠভিত্তিক ব্যাকরণ	১৫
পর্যায় - ২ (মোট নম্বর ২০)	৪টি প্রবন্ধ	২০
পর্যায় - ৩ (মোট নম্বর ২৫)	৫টি কবিতা	২৫
পর্যায় - ৪ (মোট নম্বর ১০)	নাটক (অংশ)	১০
	সর্বমোট নম্বর	১০০

দ্বিতীয় পত্র

পর্যায়	একক	বিষয়	নম্বর
পর্যায়-৫	একক-১৬	বাংলাসাহিত্যের ইতিহাস	২৫
	একক-১৭	বাংলাভাষার ইতিহাস	১০
	একক-১৮	বানানবিধি ও প্রয়োগ	১০
(৫০)	একক-১৯	পরিভাষা	৫
পর্যায়-৬	একক-২০	প্রতিবেদন/পুনর্নির্মাণ	১০
	একক-২১	অনুচ্ছেদ-রচনা	১০
	একক-২২	পত্রলিখন	১০
(৫০)	একক-২৩	অনুবাদ	১০
	একক-২৪	সারাংশ	১০
		সর্বমোট	১০০

বাংলাসাহিত্যের ইতিহাসের বিষয় বিন্যাস

(দশ থেকে আঠারো শতক)

১৬.৬ মূলপাঠ-৪ ঃ অনুবাদ-কাব্য

১৬.৬.১ রামায়ণ (কৃত্তিবাস ওঝা)

১৬.৬.২ শ্রীকৃষ্ণবিজয় (মালাধর বসু)

১৬.৬.৩ মহাভারত (কাশীরাম দাস)

১৬.৬.৪ বিষয়-সংক্ষেপ

১৬.৬.৫ অনুশীলনী-৪

১৬.৭ মূলপাঠ-৫ ঃ মঙ্গলকাব্য

১৬.৭.১ মনসামঙ্গল

১৬.৭.২ চণ্ডীমঙ্গল

১৬.৭.৩ ধর্মমঙ্গল

১৬.৭.৪ অন্নদামঙ্গল

১৬.৭.৫ বিষয়-সংক্ষেপ

১৬.৭.৬ অনুশীলনী-৫

১৬.৮ মূলপাঠ-৬ ঃ আরাকান-রাজসভার কাব্য

১৬.৮.১ লোরচন্দ্রানী

১৬.৮.২ পদ্মাবতী কাব্য

১৬.৮.৩ বিষয়-সংক্ষেপ

১৬.৮.৪ অনুশীলনী-৬

১৬.৯ মূলপাঠ-৭ ঃ শাক্ত কবিতা

১৬.৯.১ বিষয়-সংক্ষেপ

১৬.৯.২ অনুশীলনী-৭

১৬.১০ মূলপাঠ-৮ ঃ বাউল গান

১৬.১০.১ বিষয়-সংক্ষেপ

১৬.১০.২ অনুশীলনী-৮

১৬.১১ মূলপাঠ-৯ ঃ কবিগান

১৬.১১.১ বিষয়-সংক্ষেপ

১৬.১১.২ অনুশীলনী-৯

১৬.১২ সামগ্রিক বিষয়-সংক্ষেপ

১৬.১৩ উত্তর-সংকেত

১৬.১৪ পঠনীয় গ্রন্থ

English

1st & 2nd Paper

Full marks—200

PAPER-I - 100 marks

Prose : 45 marks

1.	The Open Window	– Hector Hugh Munro (Saki)
2.	Keeping a Promise	– Ahalya Chari
3.	The Last Leaf	– O. Henry
4.	The Mahatma As School Master	– M. K. Gandhi
5.	Time and the Machine	– A. Huxley
6.	On Fear	– A. G. Gardiner
7.	Old Proverbs Made New	– Stephen Leacock
8.	Where the Grass Grows Greener	– Ruskin Bond

Distribution of Marks

Essay type questions	20 marks (2 Qs of 10 marks each)
Short Answer type questions	15 marks (3 Qs of 5 marks each)
Objective type questions	10 marks (10 Qs of 1 mark each)

(Qs on Vocabulary : Synonym/Antonym/Locating Words from given meanings/Word formation)

Verse : 30 marks

1.	The Reverie of Poor Susan	– William Wordsworth
2.	Blow, Blow, Thou Winter Wind	– William Shakespeare
3.	Quiet Work	– Matthew Arnold
4.	The Patriot	– Robert Browning
5.	The Wild Swans at Coole	– W. B. Yeats

Distribution of Marks

Essay type questions	10 marks (1 Q)
Short Answer type questions	15 marks (3 Qs of 5 marks each)
Objective type questions	5 marks (5 Qs of 1 mark each)

Drama : 25 marks

1. The Rising of the Moon – Lady Gregory

Distribution of Marks

Essay type questions	10 marks (1 Q)
Short Answer type questions	10 marks (2 Qs of 5 marks each)
Objective type questions	5 marks (5 Qs of 1 mark each)

PAPER-II - 100 marks

Prose :

1. Comprehension :— 35 marks

(a) Multiple choice – 5 marks for 5 answers

(b) Sorting out words form the passage with the help of their given meanings – 10 marks for 5 words

(c) Marking 'true' and 'false' statements – 6 marks for 6 statements

(d) Making notes from the given passage in support of a topic for discussion – 10 marks

(e) Choosing the most appropriate title for the given passage out of four alternative titles – 4 marks

2. Making a coherent paragraph out of some jumbled up statements – 5 marks

3. Grammar – 18 marks

Distribution of marks is shown under (a) – (d) below :

(a) Filling in blanks with appropriate prepositions or articles out of some alternatives given – 5 marks

(b) Framing questions with some given wh-words – 5 marks

(c) Joining some simple sentences into a single simple or complex sentence – 4 marks

(d) Splitting up a long single sentence into some simple sentences – 4 marks

4. Writing a personal or official letter of 120-150 words – 12 marks

5. Writing the substance of a given passage – 10 marks

6. Writing three connected paragraphs (between 200-225 words) on one of the three given topics – 20 marks

ইতিহাস

পূর্ণসংখ্যা—২০০

প্রথম পত্র—১০০

পর্যায় এক ঃ ব্রিটিশ শক্তির উত্থান ও বিকাশ এবং ভারতীয়দের প্রতিক্রিয়া

একক-এক ঃ মোগল সাম্রাজ্যের পতন ও আঞ্চলিক শক্তির উদ্ভব (বাংলা, আযোধ্যা, হায়দরাবাদ ও মারাঠা)

একক-দুই ঃ ইউরোপীয় শক্তিগুলির অর্থনৈতিক হস্তক্ষেপ এবং ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর জয় (কর্নাটক যুদ্ধ, বাংলায় ব্রিটিশ শক্তির উত্থান ঃ পলাশীর যুদ্ধ থেকে দেওয়ানী লাভ)

একক-তিন ঃ ব্রিটিশ শক্তির বিকাশ ও দৃঢ়ীকরণ, ইঙ্গ-মহীশূর, ইঙ্গ-মারাঠা এবং ইঙ্গ-শিখ যুদ্ধ, অধীনতা মূলক মিত্রতা নীতি এবং স্বত্ববিলোপ নীতি।

একক-চার ঃ ঔপনিবেশিক রাজনৈতিক অর্থনীতি ঃ কোম্পানীর প্রশাসনিক ব্যবস্থা ঃ ঔপনিবেশিক অর্থনৈতিক শোষণ (সম্পদ নিষ্ক্রমণ, শিল্পের অবক্ষয়, কৃষির বাণিজ্যিকীকরণ, ভারতে দারিদ্র ও দুর্ভিক্ষ) ; ভূমিরাজস্ব বন্দোবস্ত।

একক-পাঁচ ঃ অভিজাত প্রতিক্রিয়া, কৃষক ও উপজাতি অভ্যুত্থান

একক-ছয় ঃ ওয়াহাবী ও ফরাজী বিদ্রোহ

একক-সাত ঃ ১৮৫৭ সালের বিদ্রোহ ; ১৮৫৮ সালে ব্রিটিশ রাজের প্রশাসনিক পরিবর্তন ; ভারতীয় অর্থনীতির রূপান্তর

পর্যায় দুই ঃ সামাজিক এবং সাংস্কৃতিক সংস্কার আন্দোলন এবং জাতীয় চেতনার উন্মেষ

একক-এক ঃ পাশ্চাত্য শিক্ষার প্রসার ও শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণির উদ্ভব

একক-দুই ঃ ব্রাহ্ম আন্দোলন, নব্যবঙ্গ আন্দোলন আলিগড় আন্দোলন, পাঞ্জাব, মহারাষ্ট্র ও বাংলায় সংস্কার আন্দোলন

একক-তিন ঃ সমাজ সংস্কার ও নারী প্রসঙ্গ

একক-চার ঃ দেশীয় সাহিত্য ও পত্রপত্রিকার বিকাশ ঃ বাংলা, মহারাষ্ট্র ও মাদ্রাজ।

একক-পাঁচ ঃ রাজনৈতিক সংস্থার উদ্ভব ও ১৮৮৫ সালে ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা।

পর্যায় তিন ঃ স্বাধীনতা আন্দোলন স্তর

একক-এক ঃ ভারতের জাতীয়তাবাদী রাজনীতিতে প্রথম পর্বের কংগ্রেস ; চরমপন্থী আন্দোলনের আদর্শগত ও রাজনৈতিক পটভূমিকা, বাংলা মহারাষ্ট্র ও পাঞ্জাবে চরমপন্থী আন্দোলন।

একক-দুই ঃ বঙ্গাভঙ্গা, বঙ্গাভঙ্গা বিরোধী ও স্বদেশী আন্দোলন, মুসলিম লীগ প্রতিষ্ঠার পটভূমি, সুরাট কংগ্রেসের (১৯০৭), লক্ষ্ণৌ চুক্তি (১৯১৬)

একক-তিন ঃ গান্ধীজীর সত্যাগ্রহ আদর্শ, গান্ধীবাদী জাতীয়তাবাদের স্তর ঃ রাওলাট সত্যাগ্রহ, খিলাফত অসহযোগ, আইন অমান্য আন্দোলন, ভারত ছাড়ো আন্দোলন।

একক-চার ঃ সংগ্রাম জাতীয়তাবাদ এবং ভারতে ও বিদেশে বিপ্লবী আন্দোলন।

একক-পাঁচ ঃ সুভাষচন্দ্র বোস এবং আই.এন.এ., কৃষক সংগ্রাম—ট্রেড ইউনিয়ন, আন্দোলন, নারী আন্দোলন।

একক-ছয় ঃ দেশ বিভাগের প্রস্তাবনা—পাকিস্থান আন্দোলন—১৯৪৬ সালের নির্বাচন—যুদ্ধোত্তর অভ্যুত্থান (আই.এন.এ. বিরুদ্ধে বিক্ষোভ, রাজকীয় নৌ-বাহিনীর বিদ্রোহ, শ্রমিক ধর্মঘট, ত্রিবাঙ্কুর গণবিদ্রোহ) ক্যাবিনেট মিশন, মাউন্টব্যাটেন পরিকল্পনা—ক্ষমতা হস্তান্তর।

পর্যায় চার ঃ স্বাধীনোত্তর ভারত ১৯৪৭—১৯৬৪

একক-এক ঃ গণপরিষদ ও ভারতীয় সংবিধান রচনা—ভারতীয় সংবিধানের মূল বৈশিষ্ট্য

একক-দুই ঃ দেশীয় রাজ্যগুলির সংযুক্তিকরণ এবং ভারতের রাজ্যগুলির ভাষাভিত্তিক পুনর্বিন্যাস

একক-তিন ঃ পরিকল্পিত অর্থনীতির বিকাশ, তৃতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনা পর্য্যন্ত—বিজ্ঞান ও প্রযুক্তির বিকাশ।

একক-চার ঃ ভারতীয় পররাষ্ট্র নীতির মূল বৈশিষ্ট্য—পঞ্চশীল ও জোট নিরপেক্ষ নীতি

দ্বিতীয় পত্র—১০০

বিশ্ব ইতিহাস (১৭৭৬—১৯৭৫)

পাঠ্যসূচী

১। বিপ্লবের যুগ (১৭৭৬—১৮১৫)

পটভূমি—কি ধরনের বৈষয়িক ও মানসিক পটভূমিতে এই বিপ্লবের যুগের উদ্ভব।

(ক) আমেরিকার স্বাধীনতা যুদ্ধ—কারণ ও ফলাফল।

(খ) ফরাসী বিপ্লব—পূর্বতন কাঠামো (Ancient Regime)—রাজনৈতিক—সামাজিক ও অর্থনৈতিক ভিত্তি—দার্শনিকদের ভূমিকা—অভিজাত বিদ্রোহ—বিপ্লবের শুরু—জাতীয় প্রতিনিধি সভা আহ্বান—বাস্তিল দুর্গের পতন—গণ বিপ্লবের প্রবাহ—গ্রাম ও শহরে—সংবিধান সভা—(নিয়মতান্ত্রিক বিপ্লব)—রাজতন্ত্রের অবসান।

প্রজাতান্ত্রিক পর্ব (১৭৯২—৯৫)

নেপোলিয়নের উত্থান—সংস্কার—ইউরোপে ফ্রান্সের আধিপত্য স্থাপন—নেপোলিয়নের পতন—ফরাসী বিপ্লবের সাফল্য ও ব্যর্থতা।

(গ) শিল্প বিপ্লব—প্রথম পর্যায়—ইংল্যান্ডের শিল্প বিপ্লব—কারণ—বিভিন্ন আবিষ্কার। দ্বিতীয় পর্যায়—ইউরোপে শিল্পায়ন—ফ্রান্স, জার্মানী, রাশিয়া—ফলাফল।

২। ধারাবাহিকতা ও রূপান্তর (১৮১৫—৭০)

(ক) প্রতিক্রিয়া ও বৈপ্লবিক প্রবাহ—ভিয়েনা সম্মেলন—মেটারনিক ব্যবস্থা—ফ্রান্সে জুলাই বিপ্লব, ইউরোপে প্রসার—ফলাফল, ফ্রান্সে ফেব্রুয়ারী বিপ্লব—ইউরোপে প্রসার—ফলাফল, গ্রিসের স্বাধীনতা সংগ্রাম।

(খ) জাতীয়তাবাদ ঐক্য ও সংস্কার

তৃতীয় নেপোলিয়ন—আভ্যন্তরীণ সংস্কার ও বৈদেশিক নীতি ও ইতালির ঐক্য আন্দোলন—মাৎসিনী—কাভুর ওগারিবল্ডী, ভিক্টর ইমানুয়েলের অবদান, ঐক্য সাধন, জার্মানীর ঐক্য আন্দোলন, ভূমিকা, বিসমার্কের নীতি ও প্রাশিয়ার নেতৃত্বে জার্মানীর ঐক্যসাধন। রাশিয়ার—জার দ্বিতীয় আলেকজাণ্ডারের সংস্কার ও তার প্রতিক্রিয়া।

৩। জাতীয়তাবাদ, সাম্রাজ্যবাদ ও প্রথম বিশ্বযুদ্ধ (১৮৭০ - ১৯১৯)

(ক) ইউরোপে জাতীয়তাবাদী প্রতিদ্বন্দ্বিতা ও চুক্তির রাজনীতি—বিসমার্কের বৈদেশিক নীতি—ত্রিশক্তি চুক্তি (Triple Alliance) কাইজার উইলিয়ামের বিশ্বনীতি—জার্মান বিরোধী ত্রিশক্তি মৈত্রী (Triple Entente)

(খ) নিকট প্রাচ্য সংকট—তুরস্কের ক্রমিক দুর্বলতা, বলকান জাতীয়তাবাদী আন্দোলন—ইউরাপীয় শক্তিবর্গের হস্তক্ষেপ—সানস্টিফ্যানোর চুক্তি—বার্লিন কংগ্রেস ও তার পরিণতি।

(গ) সাম্রাজ্যবাদী প্রসার—এশিয়া—আফ্রিকা।

(ঘ) চীন ও জাপানের জাতীয়বাদের বিকাশ—চীনে জাতীয়তাবাদী আন্দোলনের

বিবর্তন—বক্সার বিদ্রোহ, ১৯১১ চীন বিপ্লব ও ৪ঠা মে অভ্যুত্থান। জাপান—আভ্যন্তরীণ বৈদেশিক সম্প্রসারণ—চীন-জাপান ও রাশিয়া-জাপান যুদ্ধ—২১ দফা দাবি।

৪। যুদ্ধ বনাম শান্তি (১৯১৯ - ১৯৩৯)

(ক) শান্তি প্রতিষ্ঠার প্রতিষ্ঠা—ভার্সাই সম্মেলন, জাতি সংঘ (League of Nations) জাতি মাধ্যমে (জেনেভা প্রটোকল, নিরস্ত্রীকরণ সম্মেলন) জাতিসংঘ বহির্ভূত (লোকার্ণো, কেলোগব্রিয়াঁ (প্যারিসের চুক্তি) ওয়াশিংটন সম্মেলন) নিরাপত্তা ও নিরস্ত্রীকরণ সমস্যা সমাধানের প্রশ্নে।

(খ) সংকটের যুগ—ইতালিতে ফ্যাসীবাদের উত্থান—একনায়কতন্ত্র মুসোলিনী, জার্মানীতি একনায়কতন্ত্র, হিটলার—সমরবাদী জাপান।
জাপান, ইতালী ও জার্মানীর আগ্রাসী সম্প্রসারণ।

(গ) দ্বিতীয় বিশ্বযুদ্ধের পথে—
যৌথ নিরাপত্তা রক্ষায় লীগের ব্যর্থতা—পাশ্চাত্য শক্তিবর্গ অনুসৃত তোষণনীতি।

৫। বিশশতকে সমাজতান্ত্রিক ও জাতীয়বাদী আন্দোলনের প্রবাহ—

(ক) রাশিয়া—বলশেভিক বিপ্লব—কারণ—লেনিনের অবদান, রাশিয়ার পুনর্গঠনে লেনিন ও স্টালিনের ভূমিকা।

(খ) চীন—মাও জে দং এর নেতৃত্বে সাম্যবাদী চীনের অভ্যুদয়।

(গ) তুরস্ক ও আরব জাতীয়তাবাদ।

(ঘ) তুরস্কের নবযুগের সূচনা—কামাল আতাতুর্ক—
মিশরে জাতীয়তাবাদী আন্দোলন—প্যালেস্টাইন সমস্যা।

৬। দ্বিতীয় মহাযুদ্ধোত্তর বিশ্ব

(ক) ঠাণ্ডা লড়াই—উদ্ভব ও প্রসার।

(খ) জোট নিরপেক্ষ রাজনীতি—ভারতের ভূমিকা।

(গ) জাতিপুঞ্জের (U.N.O) প্রতিষ্ঠা—শান্তি রক্ষায় জাতিপুঞ্জের ভূমিকা।

(ঘ) ভিয়েতনামের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা লাভ।

বিশ্ব ইতিহাস (১৭৭৬—১৯৭৫)

বিষয় পরিচিতি—বিশ্ব ইতিহাস (১৭৭৬—১৯৭৫)

মূল ধারাগুলির সংক্ষিপ্ত পরিচয়

সম্পূর্ণ পাঠ্যসূচিতে অধ্যায়গুলির মূল ধারাগুলি সংক্ষেপে উল্লেখ করতে হবে

(পরিবর্তন ও ধারাবাহিকতার উপর জোর দিতে হবে)

১। বিপ্লবের যুগ (১৭৭৬—১৮১৫)

পটভূমি—কি ধরনের বৈষয়িক ও মানসিক পটভূমিতে এই বিপ্লবের যুগের উদ্ভব।

(খ) ফরাসী বিপ্লব—পূর্বতন কাঠামো (Ancient Regime)—রাজনৈতিক—সামাজিক ও অর্থনৈতিক ভিত্তি—দার্শনিকদের ভূমিকা—অভিজাত বিদ্রোহ—বিপ্লবের শুরু—জাতীয় প্রতিনিধি সভা আহ্বান—বাস্তিল দুর্গের পতন—গণ বিপ্লবের প্রবাহ—গ্রাম ও শহরে—সংবিধান সভা—(নিয়মতান্ত্রিক বিপ্লব)—রাজতন্ত্রের অবসান।

প্রজাতান্ত্রিক পর্ব (১৭৯২—৯৫)

নেপোলিয়নের উত্থান—সংস্কার—ইউরোপে ফ্রান্সের আধিপত্য স্থাপন—নেপোলিয়নের পতন—ফরাসী বিপ্লবের সাফল্য ও ব্যর্থতা।

(গ) শিল্প বিপ্লব—প্রথম পর্যায়—ইংল্যান্ডের শিল্প বিপ্লব—কারণ—বিভিন্ন আবিষ্কার। দ্বিতীয় পর্যায়—ইউরোপে শিল্পায়ন—ফ্রান্স, জার্মানী, রাশিয়া—ফলাফল।

২। ধারাবাহিকতা ও রূপান্তর (১৮১৫—৭০)

(ক) প্রতিক্রিয়া ও বৈপ্লবিক প্রবাহ—ভিয়েনা সম্মেলন—মেটারনিক ব্যবস্থা—ফ্রান্সে জুলাই বিপ্লব, ইউরোপে প্রসার—ফলাফল, ফ্রান্সে ফেব্রুয়ারী বিপ্লব—ইউরোপে প্রসার—ফলাফল, গ্রিসের স্বাধীনতা সংগ্রাম।

(খ) জাতীয়তাবাদ ঐক্য ও সংস্কার

তৃতীয় নেপোলিয়ন—আভ্যন্তরীণ সংস্কার ও বৈদেশিক নীতি ও ইতালির ঐক্য আন্দোলন—মাৎসিনী—কাভুর ওগারিবল্ডী, ভিক্টর ইমানুয়েলের অবদান, ঐক্য সাধন, জার্মানীর ঐক্য আন্দোলন, ভূমিকা, বিসমার্কের নীতি ও প্রাশিয়ার নেতৃত্বে জার্মানীর ঐক্যসাধন। রাশিয়ার—জার দ্বিতীয় আলেকজাণ্ডারের সংস্কার ও তার প্রতিক্রিয়া।

৩। জাতীয়তাবাদ, সাম্রাজ্যবাদ ও প্রথম বিশ্বযুদ্ধ (১৮৭০ - ১৯১৯)

(ক) ইউরোপে জাতীয়তাবাদী প্রতিদ্বন্দ্বিতা ও চুক্তির রাজনীতি—বিসমার্কের বৈদেশিক নীতি—ত্রিশক্তি চুক্তি (Triple Alliance) কাইজার উইলিয়ামের বিশ্বনীতি—জার্মান বিরোধী ত্রিশক্তি মৈত্রী (Triple Entente)

(খ) নিকট প্রাচ্য সংকট—তুরস্কের ক্রমিক দুর্বলতা, বলকান জাতীয়তাবাদী আন্দোলন

—ইউরাপীয় শক্তিবর্গের হস্তক্ষেপ—সানস্টিফ্যানোর চুক্তি—বার্লিন কংগ্রেস ও তার পরিণতি।

(গ) সাম্রাজ্যবাদী প্রসার—এশিয়া—আফ্রিকা।

(ঘ) চীন ও জাপানের জাতীয়তাবাদের বিকাশ—চীনে জাতীয়তাবাদী আন্দোলনের বিবর্তন—বক্সার বিদ্রোহ, ১৯১১ চীন বিপ্লব ও ৪ঠা মে অভ্যুত্থান। জাপান—আভ্যন্তরীণ সংস্কার, বৈদেশিক সম্প্রসারণ—চীন-জাপান ও রাশিয়া-জাপান যুদ্ধ—২১ দফা দাবি।

৪। যুদ্ধ বনাম শান্তি (১৯১৯ - ১৯৩৯)

(ক) শান্তি প্রতিষ্ঠার প্রতিষ্টা—ভার্সাণ সম্মেলন, জাতি সংঘ (League of Nations) জাতি সংঘের মাধ্যমে (জেনেভা প্রটোকল, নিরস্ত্রীকরণ সম্মেলন) জাতিসংঘ বহির্ভূত [লোকার্ণো, কেলোগ্‌ব্রিয়াঁ (প্যারিসের চুক্তি) ওয়াশিংটন সম্মেলন নিরাপত্তা ও নিরস্ত্রীকরণ সমস্যা সমাধানের প্রচেষ্টা।

(খ) সংকটের যুগ—ইতালিতে ফ্যাসীবাদের উত্থান—একনায়কতন্ত্র মুসোলিনী, জার্মানীতে নাৎসী একনায়কতন্ত্র, হিটলার—সমরবাদী জাপান।
জাপান, ইতালী ও জার্মানীর আগ্রাসী সম্প্রসারণ।

(গ) দ্বিতীয় বিশ্বযুদ্ধের পথে—
যৌথ নিরাপত্তা রক্ষায় লীগের ব্যর্থতা—পাশ্চাত্য শক্তিবর্গ অনুসৃত তোষণনীতি।

৫। বিশশতকে সমাজতান্ত্রিক ও জাতীয়বাদী আন্দোলনের প্রবাহ—

(ক) রাশিয়া—বলশেভিক বিপ্লব—কারণ—লেনিনের অবদান, রাশিয়ার পুনর্গঠনে লেনিন ও স্টালিনের ভূমিকা।

(খ) চীন—মাও জে দং-এর নেতৃত্বে সাম্যবাদী চীনের অভ্যুদয়।

(গ) তুরস্ক ও আরব জাতীয়তাবাদ।

(ঘ) তুরস্কের নবযুগের সূচনা—কামাল আতাতুর্ক—মিশরে জাতীয়তাবাদী আন্দোলন—প্যালেস্টাইন সমস্যা।

৬। দ্বিতীয় মহাযুদ্ধোত্তর বিশ্ব

(ক) ঠাণ্ডা লড়াই—উদ্ভব ও প্রসার।

(খ) জোট নিরপেক্ষ রাজনীতি—ভারতের ভূমিকা।

(গ) জাতিপুঞ্জের (U.N.O.) প্রতিষ্ঠা—শান্তি রক্ষায় জাতিপুঞ্জের ভূমিকা।

(ঘ) ভিয়েতনামের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা লাভ।

উচ্চমাধ্যমিক রাষ্ট্রবিজ্ঞান

পূর্ণসংখ্যা—২০০

প্রথম পত্র ঃ তত্ত্ব ও প্রতিষ্ঠান—১০০

গ্রন্থ ১

খণ্ড ১ ঃ রাজনীতি ও রাষ্ট্রবিজ্ঞান

একক (ক) রাজনীতি ঃ সংজ্ঞা ও প্রকৃতি

(খ) রাষ্ট্রবিজ্ঞান ঃ সংজ্ঞা, বিষয়বস্তু, বৈজ্ঞানিক চরিত্র

(গ) রাষ্ট্রবিজ্ঞান ও অন্যান্য সমাজবিজ্ঞান—পারস্পরিক সম্পর্ক ঃ রাষ্ট্রবিজ্ঞান ও ইতিহাস, অর্থনীতি, সমাজতত্ত্ব, মনোবিদ্যা দর্শন

খণ্ড ২ ঃ রাষ্ট্রবিজ্ঞান চর্চার বিভিন্ন দৃষ্টিভঙ্গি

একক (ক) দার্শনিক দৃষ্টিভঙ্গি

(খ) ঐতিহাসিক দৃষ্টিভঙ্গি

(গ) প্রাতিষ্ঠানিক দৃষ্টিভঙ্গি

(ঘ) আচরণবাদী দৃষ্টিভঙ্গি

(ঙ) মার্ক্সীয় দৃষ্টিভঙ্গি

খণ্ড ৩ ঃ রাষ্ট্র

একক (ক) রাষ্ট্র ঃ সংজ্ঞা ও বৈশিষ্ট্য

(খ) রাষ্ট্র ও সরকার

(গ) রাষ্ট্র ও সমাজ

(ঘ) সার্বভৌমিকতা ঃ সংজ্ঞা, বৈশিষ্ট্য ও বিভিন্ন রূপ

খণ্ড ৪ ঃ রাষ্ট্রের উৎপত্তি সংক্রান্ত আলোচনা

একক (ক) ঐশ্বরিক মতবাদ

(খ) বলপ্রয়োগ মতবাদ

(গ) সামাজিক চুক্তি মতবাদ

(ঘ) বিবর্তনবাদ

খণ্ড ৫ ঃ রাষ্ট্রের প্রকৃতি সংক্রান্ত আলোচনা

একক (ক) উদারনীতিবাদ

(খ) বহুত্ববাদী মতবাদ

(গ) মার্ক্সীয় মতবাদ

গ্রন্থ ২

খণ্ড ৬ ঃ নাগরিকতা

একক (ক) নাগরিকতার সংজ্ঞা

(খ) নাগরিক ও বিদেশি

(গ) নাগরিকতা অর্জনের পদ্ধতি

(ঘ) নাগরিকতার বিলোপ

খণ্ড ৭ ঃ স্বাধীনতা, সাম্য ও অধিকার

একক (ক) স্বাধীনতা ঃ সংজ্ঞা ও প্রকৃতি

(খ) সাম্য ঃ সংজ্ঞা ও প্রকৃতি

(গ) অধিকার ঃ সংজ্ঞা ও প্রকৃতি

খণ্ড ৮ ঃ জনমত, ভোটাধিকার ও রাজনৈতিক দল

একক (ক) জনমত ঃ সংজ্ঞা ও গুরুত্ব

(খ) প্রাপ্তবয়স্কের ভোটাধিকার

(গ) রাজনৈতিক দল ঃ সংজ্ঞা ও রূপ

(একদলীয়, দ্বিদলীয় ও বহুদলীয় ব্যবস্থা)

খণ্ড ৯ ঃ গণতন্ত্র ও একনায়কতন্ত্র

একক (ক) গণতন্ত্রের সংজ্ঞা

(খ) প্রত্যক্ষ ও পরোক্ষ (প্রতিনিধিমূলক) গণতন্ত্র

(গ) গণতন্ত্রের সাফল্যের শর্তাবলী

(ঘ) একনায়কতন্ত্রের সংজ্ঞা ও প্রকৃতি

খণ্ড ১০ ঃ সমাজতন্ত্র

একক (ক) সংজ্ঞা ও বিবর্তন

(খ) বিভিন্ন রূপ

খণ্ড ১১ ঃ সরকারের বিভিন্ন রূপ ঃ সংজ্ঞা ও তুলনামূলক আলোচনা

একক (ক) রাজতন্ত্র
(খ) সাধারণতন্ত্র
(গ) রাষ্ট্রপতিশাসিত ব্যবস্থা
(ঘ) সংসদীয় ব্যবস্থা
(ঙ) এককেন্দ্রিক ব্যবস্থা
(চ) যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা

খণ্ড ১২ ঃ সরকারের বিভিন্ন বিভাগ ঃ গঠন ও কার্যাবলী

একক (ক) ক্ষমতা স্বতন্ত্রীকরণের তত্ত্ব
(খ) আইন বিভাগ
(গ) শাসন বিভাগ
(ঘ) বিচার বিভাগ (বিচার বিভাগীয় স্বাধীনতার ধারণাও আলোচিত হবে)

খণ্ড ১৩ ঃ জাতি, জাতীয়তাবাদ ও আন্তর্জাতিকতাবাদ

একক (ক) জাতি, জাতীয় জনসমাজ, জাতীয়তাবাদ ঃ সংজ্ঞা ও বৈশিষ্ট্য
(খ) জাতির আত্মনিয়ন্ত্রণের অধিকার
(গ) আন্তর্জাতিকতাবাদ
(ঘ) বিশ্বায়ন

খণ্ড ১৪ ঃ সম্মিলিত জাতিপুঞ্জ

একক (ক) সম্মিলিত জাতিপুঞ্জের উদ্ভব
(খ) সম্মিলিত জাতিপুঞ্জের উদ্দেশ্য ও নীতি
(গ) সম্মিলিত জাতিপুঞ্জের ছয়টি বিভাগ ঃ গঠন ও কার্যাবলী।

উচ্চমাধ্যমিক রাষ্ট্রবিজ্ঞান পাঠক্রমকে দুটি পত্রে ভাগ করা হয়েছে। প্রথম পত্র ঃ রাজনৈতিক তত্ত্ব ও প্রতিষ্ঠান ; এবং দ্বিতীয় পত্র ঃ ভারতীয় সংবিধান ও রাজনীতি। প্রতিটি পত্রের পূর্ণমান ১০০ নম্বর।

দ্বিতীয় পত্র : ভারতীয় সংবিধান ও রাজনীতি—১০০

গ্রন্থ ১

খণ্ড ১ : সাংবিধানিক বিবর্তনের গুরুত্বপূর্ণ পর্যায় : ঐতিহাসিক ও ধারাবাহিক আলোচনা

একক (ক) ১৯০৯ সালের আইন (সাম্প্রদায়িক প্রতিনিধিত্ব)
(খ) ১৯১৯ সালের আইন (দ্বৈত শাসনব্যবস্থা)
(গ) ১৯৩৫ সালের ভারত শাসন আইন (যুক্তরাষ্ট্রীয় ও প্রাদেশিক স্বশাসন)
(ঘ) ১৯৪৭ সালের ভারত স্বাধীন আইন

খণ্ড ২ : ভারতীয় সংবিধানের প্রকৃতি

একক (ক) ভারতীয় সংবিধানের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য
(খ) ভারতীয় যুক্তরাষ্ট্রের প্রকৃতি
(গ) ভারতীয় সংসদীয় গণতন্ত্রের প্রকৃতি
(ঘ) ভারতীয় প্রজাতন্ত্র

